

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কর অঞ্চল-দিনাজপুর
কাজী টাওয়ার, ঈদগাহ আ/এ, দিনাজপুর

বিজ্ঞপ্তি


এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, কর অঞ্চল-দিনাজপুর এর ১২২টি শূন্য পদে নিয়োগ প্রদানের লক্ষ্যে আগামী ১৯ জুন ২০২৬ তারিখ, শুক্রবার নিম্নোক্ত সময়সূচি মোতাবেক লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে:

ক্রমিক	১৯ জুন ২০২৬, শুক্রবার পূর্বাহ্ন- ১০:০০- ১১:৩০ ঘটিকা	ক্রমিক	১৯ জুন ২০২৬, শুক্রবার অপরাহ্ন- ২:৩০- ৪:০০ ঘটিকা
১।	কম্পিউটার অপারেটর ক. কলেজিয়েট গার্লস হাই স্কুল এন্ড কলেজ	১।	উচ্চমান সহকারী ক. দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট খ. কলেজিয়েট গার্লস হাই স্কুল এন্ড কলেজ
২।	প্রধান সহকারী ক. দিনাজপুর সরকারি কলেজ খ. দিনাজপুর সরকারি মহিলা কলেজ	২।	অফিস সহায়ক ক. দিনাজপুর সরকারি কলেজ খ. দিনাজপুর সরকারি মহিলা কলেজ গ. আদর্শ কলেজ, দিনাজপুর ঘ. দিনাজপুর জিলা স্কুল
৩।	সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর ক. কলেজিয়েট গার্লস হাই স্কুল এন্ড কলেজ		
৪।	অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ক. আদর্শ কলেজ, দিনাজপুর খ. দিনাজপুর পলিটেকনিক ইনস্টিটিউট গ. দিনাজপুর জিলা স্কুল ঘ. কলেজিয়েট গার্লস হাই স্কুল এন্ড কলেজ		

ইতোমধ্যে প্রবেশপত্র ডাউনলোডের নিমিত্ত টেলিটক হতে পরীক্ষার্থীদের এসএমএস প্রেরণ করা হয়েছে। পরীক্ষার্থীগণকে প্রবেশপত্রে প্রদত্ত নির্দেশনা অনুসরণপূর্বক যথাসময়ে পরীক্ষায় অংশগ্রহণের অনুরোধ করা হলো।

এখানে বিশেষভাবে উল্লেখ্য, সম্পূর্ণ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতপূর্বক যথাযথ আইনি প্রক্রিয়া অনুসরণ করে জনপ্রশাসন মন্ত্রণালয়, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, পাবলিক সার্ভিস কমিশন ও আয়কর বিভাগের প্রতিনিধির সমন্বয়ে গঠিত কমিটি কর্তৃক যোগ্য প্রার্থীগণ নির্বাচিত হবেন। তাই, প্রার্থীগণকে কোন প্রতারক চক্রের ফাঁদে পা না দেয়ার জন্য অনুরোধ করা হলো।

হালনাগাদ সকল তথ্যের জন্য কর অঞ্চল দিনাজপুর এর ওয়েবসাইট (www.taxeszonedinajpur.gov.bd) ও ফেসবুক পেজে (Taxes Zone-Dinajpur) দৃষ্টি রাখুন।


অনুপম দাস ১৪/৬/২০২৬
উপ কর কমিশনার
সদর দপ্তর (প্রশাসন)
ও
সদস্য-সচিব
বিভাগীয় নিয়োগ কমিটি
কর অঞ্চল-দিনাজপুর